



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

১৪৪৭২

বামাশিবো/প্রশা/রংপুর-১৬৮/

তারিখঃ /০৭/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার তারাগঞ্জ উপজেলাধীন ফাজিলপুর মৌলভীপাড়া রহিমিয়া সিদ্দিকিয়া দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ সাইফুল ইসলাম সুপার জনাব মোঃ আব্দুল আউয়াল কে গত ২৩/০৪/২০১৭খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করে অত্র বোর্ডকে অবহিত করে পত্র দিয়েছেন (কপি সংযুক্ত)। পরে বোর্ড কর্তৃক নিয়মিত ম্যানেজিং কমিটি থাকা সত্ত্বেও সুপার অবৈধভাবে কমিটি ভাঙ্গার প্রয়াস চালাচ্ছে বলে উল্লেখ রয়েছে। অন্যদিকে বিগত ০৮/০৫/২০১৭খ্রিঃ তারিখে ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ সাইফুল ইসলামকে সভাপতির পদ থেকে বাতিল করে নতুন সভাপতি মনোনয়নের জন্য সুপার সহ ০৭ (সাত) জন কমিটির সদস্য এবং ১৩ (তের) জন শিক্ষক/কর্মচারীর স্বাক্ষরিত একখানা আবেদন অত্র বোর্ডে দাখিল করেছেন (কপি সংযুক্ত)। আবেদনে সভাপতির বিরুদ্ধে শিক্ষক/কর্মচারীকে চাকুরি হতে বরখাস্তের হুমকি, বেতন বিলে স্বাক্ষরের জন্য চাঁদা দাবী এবং পুনরায় কমিটিতে আসার জন্য নানাবিধ ষড়যন্ত্র করছেন মর্মে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায় উপরি উল্লিখিত অভিযোগসমূহের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ----- (৩০-) পাতা।

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর।

বামাশিবো/প্রশা/রংপুর-১৬৮/১৫৫০/৬

তারিখঃ ০৭/০৭/২০১৭ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। জেলা প্রশাসক, রংপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, রংপুর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তারাগঞ্জ, রংপুর।
- ৪। সভাপতি, ম্যানেজিং কমিটি, ফাজিলপুর মৌলভীপাড়া রহিমিয়া সিদ্দিকিয়া দাখিল মাদরাসা, পোঃ ফাজিলপুর, উপজেলা: তারাগঞ্জ, জেলা: রংপুর।
- ৫। সুপার, ফাজিলপুর মৌলভীপাড়া রহিমিয়া সিদ্দিকিয়া দাখিল মাদরাসা, পোঃ ফাজিলপুর, উপজেলা: তারাগঞ্জ, জেলা: রংপুর।
- ৬। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭